



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১ ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
স্নাতক (সম্মান) শ্রেণিতে প্রথমবর্ষের ভর্তি পরীক্ষার অনলাইন রেজিস্ট্রেশন শুরু

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৮ মে ২০২২।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ২০২১-২০২২ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণিতে প্রথমবর্ষের ভর্তি পরীক্ষার অনলাইন রেজিস্ট্রেশন আজ সকাল দশটায় শুরু হয়েছে। আগামী ১৬ জুন ২০২২ তারিখ রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত অনলাইনে রেজিস্ট্রেশন করা যাবে। বিশ্ববিদ্যালয়ের কাউন্সিল কক্ষে উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলম আজ অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম উদ্বোধন করেন। এসময় উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মো: মনজুরুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার, বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার, উপ-রেজিস্ট্রার (শিক্ষা) এবং সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। 'এ' ইউনিটে তাসনিয়া হক ঈষিকা নামের ভর্তিচ্ছু শিক্ষার্থীর আবেদনের মাধ্যমে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম শুরু হয়। মোবাইল ব্যাংকিং বিকাশ অথবা রকেটের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি প্রদান করতে হবে। ভর্তি পরীক্ষা গ্রহণের সম্ভাব্য তারিখ ৩১ জুলাই থেকে ১১ আগস্ট ২০২২।

বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ গত শিক্ষাবর্ষের ন্যায় চলতি শিক্ষাবর্ষেও ভর্তি পরীক্ষার অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম পরিচালনা করছে।

ভর্তি পরীক্ষার বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ভর্তি সম্পর্কিত ওয়েবসাইট <https://juniv-admission.org/> এ পাওয়া যাচ্ছে।

ড. মোহাম্মদ মহিউদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)